# পঞ্চম উপজেলা পরিষদের ২৮ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কনাইঘাট, সিলেট।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২১
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সদস্যদের উপস্থিতি ও অনুপস্থিতি পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | সভায় বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে | সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কানাইঘাট, সিলেট। |
| ০২ | স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা | আলোচনাকালে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন আলোচনা বা সুপারিশ না থাকায় এ বিষয়ে কোন আলোচনা করা যায় নি। | স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করতে হবে। | ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলাপরিষদ, কানাইঘাট, সিলেট। |
| ০৩ | মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | আলোচ্য মাসে মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয় নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এবিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৪ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, করোনা ভাইরাস (কোভিড- ১৯) এ কানাইঘাট উপজেলায় করোনা পরীক্ষা করা হয়েছে ১,২১৮ জন, মোট আক্রান্ত রোগীর সংখ্যা ৪৬৬ জন, সুস্থ রোগীর সংখ্যা ৪৪৮ জন,আইসোলেশনে রয়েছেন ০৩ জন,মৃত্যুবরণ করেছেন ১৫ জন। তিনি আরোও জানান জনগণের মধ্যে ভ্যাকসিন গ্রহণের আগ্রহ খুবই বেড়েছে ১ম ডোজ ভ্যাকসিন গ্রহণ করেছে ২১,৩৮২ জন, ২য় ডোজ গ্রহণ করেছে ১২,৮০৮ জন, বর্তমানে ভ্যাকসিন সিনোফার্মা মজুদ রয়েছে ৪,[illegible]৮০ টি। প্রতিদিন ১০০০ জনকে ভ্যাকসিন দেওয়া হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা কানাইঘাট ,সিলেট |
| ০৫ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা, এ উপজেলার আইন-শৃঙ্খলা কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট ,সিলেট |
| ০৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, অত্র উপজেলায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন/জরাজীর্ণ ভবন মারাত্মক ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত ভবনগুলো অপসারণ ও নিলাম করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।<br>নিম্নে বিদ্যালয়গুলোর নাম উল্লেখ করা হলো :-<br>১. নূরনবী সরকারী প্রাথমিক বিদ্যালয়।<br>২. নয়াফৌদ সরকারী প্রাথমিক বিদ্যালয়।<br>৩. ফাটাহিজল সরকারী প্রাথমিক বিদ্যালয়।<br>৪. হারাতৈল সরকারী প্রাথমিক বিদ্যালয়।<br>৫. রাজাগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয়।<br>৬. চটিগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়। | জরুরী ভিত্তিতে অত্র উপজেলায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন/জরাজীর্ণ ঝুঁকিপূর্ণ ভবনগুলো অপসারণ ও নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট ,সিলেট |
| ০৭ | স্থানীয় সরকার প্রকৌশল | উপজেলা প্রকৌশলী, ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় (এডিপির) বরাদ্দ খাতওয়ারী বিভাজন | ক. ২০২১-২০২২ অর্থ বছরের আওতায় (এডিপির) বরাদ্দ | উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউনিয়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ০৯ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, অত্র উপজেলায় এ বছর ১৫,৩২১ হেক্টোর জমিতে আমন রোপন হয়েছে এবং মাঠ পর্যায়ে কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১০ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ২০২১-২০২০ অর্থ বছরের টিআর,কাবিখা,কাবিটা ও কর্মসৃজনের বরাদ্দ শীঘ্রই পাওয়া যাবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১১ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, মৎস্য বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৩ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট,সিলেট** |
| ১৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |
| ১৫ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট,সিলেট। |
| ১৬ | যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি,**<br>**প্রশিক্ষণ** ঃ চলতি অর্থ বৎসরে সেপ্টেম্বর/২১ মাসে প্রশিক্ষণের জন্য ০২(দুই)টি ব্যাচে মোট ৬০ জন বেকার যুবকে প্রশিক্ষণ প্রদান করা হইবে। এ পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে সর্বমোট ৭৮৪৫ জনকে।<br>**যুবঋণ** ঃ চলতি অর্থ বৎসরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর/২০২১ মাস পর্যন্ত মোট ০৭(সাত) জন যুবকে ৩,৭০,০০০/-(তিন লক্ষ সত্তর হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ক্রমপুঞ্জিত মোট ৭২০ জনের মধ্যে ১,৭০,৪৫,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে বলে সভাকে অবহিত করে | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট। |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সমবায় বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট। |
| ১৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়ক, খাদ্য বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট,সিলেট। |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা,বন বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট। |
| ২০ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় পল্লীউন্নয়ন বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |
| ২১ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,আনসার ভিডিপি বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা কানাইঘাট,সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | পল্লীবিদ্যুৎ বিভাগ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২<br>ক. চলমান বর্ষা মৌসুমে অবিরাম ভারী বৃষ্টির কারণে বিভিন্ন এলাকায় বন্যা হতে পারে। ফলে বৈদ্যতিক খুঁটির গোড়ার মাটি নরম হয়ে গেলে পড়ে বিদ্যুৎ বিভ্রাট/দূর্ঘটনা ঘটতে পারে। বড়গাছ ডালপালা লাইনে পড়ে বৈদ্যুতিক লাইনের তার ছেঁড়াসহ বিদ্যুৎ বিভ্রাট ও জানমালের ক্ষতি হতে পারে। সকল প্রকার বিদ্যুৎ বিভ্রাট ও এতদ্ বিষয়ে সকল গ্রাহকগণকে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন। বিদ্যুৎ ছেঁড়া তার স্পর্শ না করে নিকটবর্তী বিদ্যুৎ অফিসে অবহিত করার জন্য অনুরোধ করেন। তিনি নিকটস্থ বিদ্যুৎ অফিস ছাড়াও সিলেট পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্তি হটলাইন নাম্বারে যোগাযোগ করার জন্য । নিম্নে নাম্বারসমূহ ঃ ০১৭৬৯-৪০০৭৯৯, ০১৭০৪-১০৬ ৪৯২, ০১৭০৪-১০৬৪৯১, ০১৭৬৯-৪০৪০৫৫, ০১৭০৪-১০৬৪৯৩। | ক. বর্ষা মৌসুমে অবিরাম ভারী বৃষ্টির কারণে বিভিন্ন এলাকায় বন্যা হতে পারে। ফলে বৈদ্যতিক খুঁটির গোড়ার মাটি নরম হয়ে গেলে পড়ে বিদ্যুৎ বিভ্রাট/দূর্ঘটনা ঘটলে নিম্নের হটলাইন নাম্বারে যোগাযোগ করতে হবে। নিম্নে নাম্বারসমূহঃ- ০১৭৬৯-৪০০৭৯৯, ০১৭০৪-১০৬৪৯২, ০১৭০৪-১০৬৪৯১ ০১৭৬৯-৪০৪০৫৫, ০১৭০৪ ১০৬৪৯৩। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ কানাইঘাট, সিলেট। |
| ২৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২৪ | পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান, চলতি অর্থ বৎসরের আগষ্ট/২০২১ মাসে ঋণ বিতরণের লক্ষ্যেমাত্রা ১,০৮,০০,০০০/- টাকা। ঋণ বিতরণ করা হয়েছে ১৩,৬০,০০০/- টাকা । ঋণ আদায় করা হয়েছে ২৮,৩৭,০০০/- টাকা। ঋণ আদায়ের লক্ষ্যেমাত্রা ১,০৮,০০,০০০/- টাকা বলে সভাকে জানান। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য আপা প্রকল্প বিভাগ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তথ্য আপা প্রকল্প বিভাগের কোন অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | --- |
| ২৬ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপাশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |
| ২৭ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। জন্ম ও মৃত্যু নিবন্ধন যাচাইকালে সঠিক পদ্ধতিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এবং জন্ম ও মৃত্যু নিবন্ধকগণকে অনুরোধ জানান। তাছাড়া জন্ম নিবন্ধন একজন শিশু/নাগরিকের অধিকার উল্লেখ করে যথাসময়ে শিশুর জন্ম নিবন্ধনের জন্য সকল জনসাধারণকে উদ্বুদ্ধ করতে প্রচারনা চালানোর জন্য সকল জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষণ করেন। | যথাযথ প্রক্রিয়া অবলম্বন পূর্বক সঠিক পদ্ধতিতে জন্ম-মৃত্যু নিবন্ধন কাজ সম্পন্ন করতে হবে।<br>জন্ম নিবন্ধন প্রক্রিয়া সম্পন্নের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করতে প্রচারনা চালানোর জন্য সকল জনপ্রতিনিধিগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | জঙ্গীবাদ | সভাপতি মহোদয় সভায় জানান যে, জঙ্গীবাদ বিষয়ে | জঙ্গীবাদ বিষয়ে জনগণকে | সকল বিভাগীয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যান ও ইউ/পি সদস্যগণের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন। | সহযোগিতা প্রদান করতে হবে। | কানাইঘাট, সিলেট |
| ২৯ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১৮৫টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৭ টি এবং ১৭৮ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখপূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |
| ৩০ | করোনা ভাইরাস | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিট -১৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমানে প্রেক্ষাপটে কোভিডি-১৯ এর ৩য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাওয়ার সরকার এ বিষয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য ইতোমধ্যে বিভিন্ন নির্দেশনা প্রদান করেছেন। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন।<br>আলোচনায় অংশগ্রহন করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত সারা বিশ্বে ছড়িয়ে পড়ায় জনসাধারণকে স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহবান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | করোনা ভাইরাস (কোভিট-৯) এর প্রকোপ ৩য় বারের মত সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে বিধায় স্বাস্থ্যবিধি মেনে সরকারী নির্দেশনা মোতাবেক চলাফেরা করা এবং বিয়ের অনুষ্ঠান, জলসা, ওয়াজ মাহফিলে বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে জনসমাগম না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা/অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০৯/২০২১

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট।
০৪ ভাদ্র ১৪২৮

স্মারক নম্বর : ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.৩৮ (৩৬)

২০ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ২৩৩ সিলেট - ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। মেয়র, পৌরসভা, কানাইঘাট, সিলেট।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট।
৮। চেয়ারম্যান, ........................................ ইউ/পি (সকল), কানাইঘাট, সিলেট।
৯। উপজেলা .............................................. কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট।
১০। জনাব .............................................. কানাইঘাট, সিলেট।

২০/০৯/২০২১

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ

## পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা :

| ক্রমিক নং | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব খাদিজা বেগম | ভাইসচেয়ারম্যান(মহিলা)উপজেলাপরিষদ,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো ঃ ফয়াজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব জেমস লিও ফারগুশন নানকা | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আলী হোসেন কাজল | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব আব্দুল মন্নান | চেয়ারম্যান,০৪ নং সাতবাঁক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মামুন রশিদ মামুন | চেয়ারম্যান, ০৬ নং কানাইঘাট সদর ইউ/পি কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মাসুদ আহমদ | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব আব্বাস উদ্দিন | চেয়ারম্যান,০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ফখরুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ডাঃ সুবল চন্দ্র দাস | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব ডাঃ মো ঃ ইকবাল হোসেন | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব বিদ্যুৎ চন্দ্র দাস | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব এ.কে.এম রিয়াজ মাহমুদ | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব তাজুল ইসলাম | অফিসার ইনচার্জ,কানাঘাট থানা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব সৌমিত্র কর্মকার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো ঃ আব্দুল আওয়াল | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মো ঃ মাজারুল ইসলাম | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ আব্দুর রউফ | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মোঃ পনিরুজ্জামান | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব মোঃ আক্তার হোসেইন | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট "খ"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান, ০৫ নং বড়চতুল ইউ/পি কানাইঘাট,সিলেট |
| ০২ | নারী সংরক্ষিত সদস্য,উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা তথ্য আপা প্রকল্প,কানাইঘাট,সিলেট |

পরিশিষ্ট "খ"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান, ০৫ নং বড়চতুল ইউ/পি কানাইঘাট,সিলেট |
| ০২ | নারী সংরক্ষিত সদস্য,উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা তথ্য আপা প্রকল্প,কানাইঘাট,সিলেট |